গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তৃণমূল পযায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প

## জাতীয় মহিলা সংস্থা

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা

# বিজনেস ম্যানেজমেন্ট লেকচার প্ল্যান


| দিন | পাঠ্য বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ম | উদ্দেশ্য, উদ্বোধন, পরিচয় পর্ব | ৪ |
| ২য় | উদ্যোক্তা ও উদ্যোগ কি? উদ্যোগের প্রয়োজনীয়তা। | ৫ |
| ৩য় | উন্নয়নমূলক কর্মকান্ড, উন্নয়ন প্রক্রিয়ায় মহিলাদের অংশগ্রহণ। | ৫ |
| ৪র্থ | আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড, আয় বৃদ্ধিও কৌশল সমূহ। | ৬ |
| ৫ম | ঋণ সুবিধা সম্পর্কে ধারণা, নারী উদ্যোক্তাদের ঋণ গ্রহণের প্রয়োজনীতা। | ৬ |
| ৬ষ্ঠ | বাজার জরিপ ও বাজার জরিপের ফলাফল। | ৭ |
| ৭ম | প্রকল্প (ব্যবসা)যাচাইকরণ, যাচাই এর কৌশল ও পদ্ধতি, পরিকল্পনা ও বিধিবদ্ধকরণ | ৭ |
| ৮ম | প্রকল্প (ব্যবসা) বাস্তবায়ন ও নিয়ন্ত্রণ, প্রকল্প ব্যবস্থাপনা, উদ্যোগ, কর্মী ও সংগঠন | ৮ |
| ৯ম | প্রকল্পের সম্ভাব্যতা যাচাই ও চূড়ান্ত নির্বাচনের জন্য ব্যবহৃত বিভিন্ন নির্ণায়কসমূহ | ৮ |
| ১০ম | ব্যবসা কর্মকান্ড পরিকল্পনা | ৯ |
| ১১তম | বিপণন কৌশল ও উৎপাদন ব্যবস্থাপনা। | ৯ |
| ১২তম | আর্থিক পরিকল্পনা । | ১০ |
| ১৩তম | প্রকল্প বাস্তবায়নের বিবেচ্য বিষয় | ১০ |
| ১৪তম | হিসাবরক্ষণ পদ্ধতি ও উদ্দেশ্য | ১১ |
| ১৫তম | ব্যবসার খরচের প্রকৃতি ও বিল ভাউচার তৈরী | ১১ |
| ১৬তম | আর্থিক হিসাবের বিবরণী, ব্যালেন্স সীট, লাভ ক্ষতির হিসাব | ১২ |
| ১৭তম | বাজেট প্রণয়ন ও বাজেট নিয়ন্ত্রণ | ১২ |
| ১৮তম | পণ্যের মান নিয়ন্ত্রণ | ১৩ |
| ১৯তম | পণ্যের বাজারজাতকরণ | ১৩ |
| ২০তম | ব্যবসার নথিবদ্ধকরণ | ১৪ |
| ২১তম | কর্মচারীদের ব্যক্তিগত নথি প্রস্তুত ও সংরক্ষণ, ছুটির দরখাস্ত | ১৪ |
| ২২তম | মজুদ মালের ব্যবস্থাপনা | ১৫ |
| ২৩তম | প্রাতিষ্ঠানিক পরিবেশ ওসাংগাঠনিক কাঠামো | ১৫ |

| | | |
|---|---|---|
| ২৪তম | কর্তৃত্ব হস্তান্তর | ১৬ |
| ২৫তম | পণ্যের ট্রেড মার্ক | ১৬ |
| ২৬তম | উৎপাদিত পণ্যের বিএসটি আই এরআনুষ্ঠানিকতা (অনুমোদন) | ১৬ |
| ২৭তম | জনসংযোগ, বিজ্ঞাপন ও প্রচার | ১৭ |
| ২৮তম | লিফলেট ,পোস্টার ,সাইনবোর্ড | ১৭ |
| ২৯তম | নেটওয়ার্কিং লিঙ্কেজ / পার্টনারশীপ | ১৮ |
| ৩০তম | সুরক্ষা, নিরাপত্তা ও নৈতিক বিষয় | ১৮ |
| ৩১তম | ক্ষুদ্র ব্যবসা | ১৯ |
| ৩২তম | ই-কর্মাস, ফেইজবুজ বিজনেস পেইজ/একাউন্ট | ১৯ |
| ৩৩তম | ওয়েবসাইট বিষয়ক | ২০ |
| ৩৪তম | পেমেন্ট/গেটওয়ে পদ্ধতি, লজেষ্টিক/সাপ্লাই এবং ই-মার্কেটিং | ২০ |
| ৩৫তম | সরেজমিনে পরিদর্শন | ২১ |
| ৩৬তম | শ্রম আইন | ২১ |
| ৩৭তম | শ্রম আইন | ২১ |
| ৩৮তম | শ্রম আইন | ২১ |
| ৩৯তম | প্রজেক্ট এসাইমেন্ট প্রেজেন্টেশন | ২২ |
| ৪০তম | লিখিত পরিক্ষা | ২২ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

বেকার ও সুবিধাবঞ্চিত নারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা তৃনমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প এর মূল কাজ । হাতে কলমে শিক্ষা ও ব্যবসা ব্যবস্থাপনা কোর্সের মাধ্যমে যাতে একজন নারী আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে উদ্যোক্তা হতে পারে সেটাই এ প্রশিক্ষণের মূল লক্ষ্য ।

## সুনির্দিষ্ট উদ্দেশ্য

বেকার ও সুবিধাবঞ্চিত নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, আত্ম - নির্ভরশীলতা অর্জনে উদ্বুদ্ধ ও সহায়তা প্রদানের পাশাপাশি নারী সমাজকে মানব সম্পদে পরিণত করণের লক্ষ্যে:

- প্রশিক্ষণের মাধ্যমে ২,৫৬,০০০ জন নারীর উন্নয়ন এবং ক্ষমতায়ন।
- নারী উদ্যোক্তাদের দ্বারা উৎপাদিত পণ্য সামগ্রী বিপণনের সহায়তা প্রদান করা।
- নারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন ও অভিজ্ঞতা বিনিময়ের পাশাপাশি তাদের উৎপাদিত পণ্য সামগ্রী বিপণনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রকল্পের উদ্যোগে ৮০ টি বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র, ৮০ টি ফুড কর্ণার এবং ৮০ টি বিউটি পার্লার স্থাপন করে ১৬০০ জন নারী উদ্যোক্তাকে স্থায়ী ভাবে স্বাবলম্বী করে তোলা।
- নারী উদ্যোক্তাদের দ্বারা উৎপাদিত পণ্য সামগ্রী বিপণনে সহায়তা প্রদান করার লক্ষ্যে একটি ক্রয়/বিক্রয় সফ্টওয়ার তৈরী করা।
- প্রশিক্ষণ কেন্দ্রের সকল প্রশিক্ষণার্থীদের নিয়ে একটি ড্যাটাবেজ সফ্টওয়ার তৈরী করা।

## ফলাফল

### স্বল্পমেয়াদী ফলাফল

- ট্রেড ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত দক্ষতা কাজে লাগাতে পারবে;
- ব্যবসা ও কর্মসংস্থানের কলা কৌশল শিখবে;
- ব্যবসা পরিচালনার মাসষিকতা সৃষ্টি হবে;
- আত্মবিশ্বাস অর্জন হবে;
- শঙ্খলা বোধ ও পরস্পরের মধ্যে তথ্যের প্রবাহ সৃষ্টি হবে;

### দীর্ঘমেয়াদি ফলাফল

- প্রশিক্ষণপ্রাপ্ত নারীদের আত্মকর্মসংস্থা সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত হবে।

১ম দিন




## উদ্বোধন, পরিচয় পর্ব

ওরিয়েন্টশন প্রোগ্রামের মাধ্যমে সকল শিক্ষার্থীদের সাথে পরিচয়, বিষয়ভিত্তিক ও আনুষঙ্গিক বিষয়ে আলোচনা, মত বিনিময় ও প্রশ্নত্তোর পর্ব যেখানে সকল শিক্ষার্থীর উপস্থিতি বাধ্যতামূলক।

## বিজনেস ম্যানেজমেন্ট কোর্সের উদ্দেশ্য

**স্বল্প মেয়াদি উদ্দেশ্য**

১. এই কোর্স শেষে শিক্ষার্থীরা বিজনেস ম্যানেজমেন্ট সম্পর্কে ধারণা লাভ করবে ।
২. শিক্ষার্থীরা নিজেরা ব্যবসা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা এবং তার ব্যবস্থাপনা সংক্রান্ত ধারণা লাভ করবে।
৩. ব্যবসা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার মাধ্যমে কিংবা কোন ব্যবসা প্রতিষ্ঠানে ব্যবস্থাপনায় সম্পৃক্ত হওয়ার মাধ্যমে স্বাবলম্বী হওয়ার ধারণা লাভ করবে ।

**দীর্ঘ মেয়াদি উদ্দেশ্য**

নারী উদ্যোক্তাদের সক্ষমতা ও গরীব বেকার মহিলাদের দক্ষতা বৃদ্ধি হবে এবং নারী উন্নয়ন, অত্ম-কর্মসংস্থান ও ক্ষমতায়ন নিশ্চিত হবে।

## কোর্স সম্পর্কে বেসিক ধারণা :

বিজনেস ম্যানেজমেন্ট কোর্সের বেসিক বিষয় আলোচনা, কোর্সের প্রয়োজনীয়তা, প্রয়োগ ও প্রতিবন্ধকতা , সফল উদ্যোক্তা হয়ে উঠতে কোর্সের ভূমিকা, প্রয়োজনীয় পদক্ষেপ ও ধাপ, তৃণমুল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তার বিকাশ সাধন প্রকল্প এ কোর্সের উদ্দেশ্য ও প্রয়োগ ।

২য় দিন



## উদ্যোক্তা ও উদ্যোগ কি? উদ্যোগের প্রয়োজনীয়তা

সাধারণত যে উদ্যোগ গ্রহণ করে তাকে উদ্যোক্তা বলা হয় । কোন কাজকে কেন্দ্র করে যে পরিকল্পনা করা হয় তাকে বলা হয় উদ্যোগ। যে কোন কাজ করার ক্ষেত্রে কিংবা যে কোন লক্ষ্যে পৌছানোর ক্ষেত্রে সর্বপ্রথম উদ্যোগ গ্রহণ করতে হয় । সুতরাং উদ্যোগের প্রয়োজনীয়তা অপরিসীম । কোর্সের এই ক্লাসে উদ্যোগ, উদ্যোক্তা ও উদ্যোগের প্রয়োজনীয়তা, উদ্যোক্তার গুণাবলী, উদ্যোক্তার কর্যাবলী নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে ।





৩য় দিন

## উন্নয়নমূলক কর্মকান্ড, উন্নয়ন প্রক্রিয়ায় মহিলাদের অংশগ্রহণ।

উন্নয়নমূলক কর্মকান্ড বলতে সাধারণ কথায় বোঝায়, যে কাজের মধ্য দিয়ে বর্তমান অবস্থার উন্নতি হয় বা উন্নতির লক্ষ্যে যে কাজ পরিচালিত হয় । যে কোন দেশের উন্নয়নের জন্য উন্নয়ন কর্মকান্ড ও সেই কর্মকান্ডে নারী পুরুষের সমান অংশগ্রহণ অত্যন্ত জরুরী । বাংলাদেশের প্রেক্ষাপটে উন্নয়ন প্রক্রিয়ায় মহিলাদের অংশগ্রহণ, প্রয়োজনীয়তা ও উপায় নিয়ে কোর্সের এ ক্লাসে দলীয় আলোচনা করা হবে।

৪র্থ দিন




## আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড, আয় বৃদ্ধিও কৌশল সমূহ।

আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড বলতে সাধারণত যে সব কর্মকান্ডের মধ্য দিয়ে আয় বৃদ্ধি পায় এমন কর্মকান্ডকে বোঝায়। অর্থনৈতিক উন্নয়ন, স্বাবলম্বী হওয়া, প্রতিভার বিকাশ ঘটানো, কর্মসংস্থান, বেকারত্ব হ্রাস প্রভৃতির জন্য আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড ব্যাপক ভূমিকা রাখে। উন্নয়ন প্রক্রিয়ায় আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড শহর ও গ্রাম দুই ভিত্তিতে ঘটে থাকে। শহরের ক্ষেত্রে বিউটিপার্লার, বুটিকস, টেইলারিং প্রভৃতি আবার গ্রামের ক্ষেত্রে টুপী তৈরী, ঠোঙ্গা তৈরী হাসঁ মুরগি পালন প্রভৃতি আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের উদাহরণ ।কোর্সের এ ক্লাসে আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড, কর্মকান্ডের ক্ষেত্র, সুযোগ এবং কৌশল সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হবে



৫ম দিন

## ঋণ সুবিধা সম্পর্কে ধারণা, নারী উদ্যোক্তাদের ঋণ গ্রহণের প্রয়োজনীতা।

একটি ব্যবসায়ের মূলধন সৃষ্টিতে ঋণ গুরুত্বপূর্ণ সহায়ক। ব্যবসায়ী বা উদ্যোক্তারা নানাভাবে ঋণ সুবিধা গ্রহণ করতে পারে। ঋণ সুবিধা গ্রহণ করার জন্য সরকারী ও বেসরকারী উভয় ধরনের প্রতিষ্ঠান রয়েছে।

কোর্সের এ ক্লাসে নারী উদ্যোক্তাদের ঋণ গ্রহণের সুবিধা ও প্রয়োজনীতা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হবে ।

## বিভিন্ন প্রতিষ্টানের ঋণ সুবিধা এবং প্রয়োজনীয় কাগজপত্র।

সরকারী বেসারকারী কোন কোন প্রতিষ্টান কত শতাংশ হারে, কি কি ক্ষেত্রে, কি ভাবে ঋণ প্রদান করে এবং ঋণ গ্রহণের সময় কি কি ধরনের কাগজ পত্র থাকা দারকার সে সম্পর্কে এ কোর্সে বিস্তারিত আলোচনা করা হবে





৬ষ্ঠ দিন

**বাজার জরিপ ও বাজার জরিপের ফলাফল।**

বাজার জরিপ হলো- এক রকমের জরিপ কার্য যা একটি ব্যবসা প্রতিষ্ঠা কিংবা ব্যবসায়কে দ্রুত গতির করতে পরিচালনা করা হয় । এ জরিপের মাধ্যমে পণ্যের চাহিদা, কাঁচামালের সরবরাহ, পণ্য বন্টন ব্যবস্থা, গ্রহণযোগ্যতা, বাজারের আকার প্রভৃতি বিষয় নিয়ে একটি পর্যালোচনামূলক সিদ্ধান্তে পৌছানো যায়। এর ফলে বাজারের আকার সম্পর্কে, পণ্যের মোড়কের গুরুত্ব, কাচামালের বর্তমান অবস্থা, প্রয়োজনীয় শ্রমিক, সামাজিক গ্রহণযোগ্যতা, ব্যবসায়ের সম্ভাব্য ব্যয় ইত্যাদি সম্পর্কে ধারণা পাওয়া যায়।
কোর্সের এ ক্লাসে বাজার জরিপ ও বাজার জরিপের ফলাফল সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হবে ।

৭ম দিন




**প্রকল্প (ব্যবসা) যাচাইকরণ, যাচাই এর কৌশল ও পদ্ধতি, পরিকল্পনা ও বিধিবদ্ধকরণ**

প্রকল্প হলো পরিকল্পনামাফিক আন্তসম্পর্কীয় কিছু কাজের সমষ্টি যেখানে নির্দিষ্ট সময় ও কিছু সীমাবদ্ধতা বিবেচনায় লক্ষ্য অর্জনের চেষ্টা করা হয়। অন্যভাবে বলা যায় প্রকল্প হলো ভালো পণ্য উৎপাদন বা সেবা প্রদানের সাময়িক প্রচেষ্টা যেখানে মুনাফা নয় বরং সেবাকে প্রাধান্য দেয়া হয়। অন্যদিকে ব্যবসা হলো মূনাফা অর্জনের লক্ষ্যে পণ্য উৎপাদন ও সেবা প্রদানের উদ্দেশ্যে মূলধন বিনিয়োগ।
একটি প্রকল্প গ্রহণের পূর্বে তার উপযুক্ততা যাচাই করা অত্যন্ত জরুরী। প্রকল্প গ্রহণের পূর্বে তার কারিগরী দিক, বাজারজাতকরণ, বাণিজ্যিক, আর্থিক ,আর্থ-সামাজিক দিক প্রভৃতি বিষয় যাচাই করা উচিৎ। প্রকল্পের কৌশল ও পদ্ধতি, পরিকল্পনা ও বিধিবদ্ধকরণ প্রকল্পকে স্বার্থক প্রকল্পে পরিণত করার জন্য জরুরী।
কোর্সের এ ক্লাসে প্রকল্প(ব্যবসা) যাচাইকরণ, যাচাই এর কৌশল ও পদ্ধতি, পরিকল্পনা ও বিধিবদ্ধকরণ প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা করা।




৮ম দিন

## প্রকল্প (ব্যবসা) বাস্তবায়ন ও নিয়ন্ত্রণ, প্রকল্প ব্যবস্থাপনা, উদ্যোগ, কর্মী ও সংগঠন

একটি প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে - প্রকল্প বাস্তবায়ন এলাকার পরিবেশ ও অবস্থা সম্পর্কে জানা, সেবা গ্রহীতাদের চাহিদা সম্পর্কে জানা, কাঁচামাল প্রাপ্তির বিষয়ে তথ্য, ভালো -মন্দ ও লাভ ক্ষতির সম্ভাব্যতা, কারিগরী ও বাজার জরিপ বিভিন্ন দিক বিবেচনায় রাখতে হয় ।
নিয়ন্ত্রণ বলতে বোঝায় কি কাজ সম্পাদিত হয়েছে তা নির্ধারণ করা, কতটুকু সম্পাদন করা হয়েছে তা মূল্যায়ণ করা, প্রয়োজনীয় সংশোধন করা ও পরিকল্পনামাফিক শেষ করা।
কোন একটি ভালো কাজের পরিকল্পনাকে সাধারণভাবে উদ্যোগ গ্রহণ বলা হয়ে থাকে, সেই উদ্যোগকে কেন্দ্র করে বা সেই পরিকল্পনামাফিক প্রয়োজনীয় পক্ষের একত্রিতকরণের মধ্য দিয়েই তৈরী হয় সংগঠন । আর ব্যবস্থাপনা বলতে বোঝায় উদ্যোক্তা ও কর্মীদের ভূমিকা কেমন হবে তা নির্ণয় করে সে অনুযায়ী তত্ত্বাবধান ও পরিচালনা করা। কোর্সের এ ক্লাসে প্রকল্প (ব্যবসা) বাস্তবায়ন ও নিয়ন্ত্রণ, প্রকল্প ব্যবস্থাপনা, উদ্যোগ, কর্মী ও সংগঠন নিয়ে আলোচনা করা হবে।

৯ম দিন

**Risk Matrix**

| SEVERITY | | LIKELIHOOD: VERY HIGH | HIGH | MEDIUM | LOW | VERY LOW |
|---|---|---|---|---|---|---|
| | | 10 | 8 | 6 | 4 | 2 |
| VERY HIGH Death | 10 | 100 | 80 | 60 | 40 | 20 |
| HIGH Severe injury, Permanent disability | 8 | 80 | 64 | 48 | 32 | 16 |
| MEDIUM Lost time injury | 6 | 60 | 48 | 36 | 24 | 12 |
| LOW Non lost time - Medical Treatment | 4 | 40 | 32 | 24 | 16 | 8 |
| VERY LOW Minor treatment | 2 | 20 | 16 | 12 | 8 | 4 |

## প্রকল্পের সম্ভাব্যতা যাচাই ও চূড়ান্ত নির্বাচনের জন্য ব্যবহৃত বিভিন্ন নির্ণায়কসমূহ

পণ্যের চাহিদা, প্রযুক্তি, বাণিজ্যিক ও আর্থিক দিক এবং জাতীয় অবদান ইত্যাদির দিক থেকে বিশেষভাবে পরীক্ষা করে প্রকল্প যথার্থ হয়েছে কিনা তা মূল্যায়ন করার প্রক্রিয়াকে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই বলে। এ ক্ষেত্রে বাজার সম্ভাব্যতা যাচাই, প্রযুক্তিগত সম্ভাব্যতা যাচাই, বাণিজ্যিক সম্ভাব্যতা যাচাই, আর্থিক সম্ভাব্যতা যাচাই, ঝুকি ও অনিশ্চয়তা, জাতীয় লাভজনকতা ইত্যাদি বিবেচনা করা হয় ।
প্রকল্প চূড়ান্ত নির্বাচনের কাজে ব্যবহৃত নির্ণায়কসমূহ হলো যন্ত্রপাতি নির্বাচন, কাঁচামাল নির্বাচন, শ্রমিকের মজুরী, নির্বাচন পদ্ধতি, প্রশিক্ষণ, উৎপাদনের পরিমাণ ও পদ্ধতি, প্রারম্ভিক মূলধন, প্রকল্প ঝুকি নির্ণয় ইত্যাদি । কোর্সের এ ক্লাসে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই ও চূড়ান্ত নির্বাচনের জন্য ব্যবহৃত বিভিন্ন নির্ণায়কসমূহ নিয়ে আলোচনা করা হয় ।


১০ম দিন




## ব্যবসা কর্মকান্ড পরিকল্পনা

ব্যবসা কর্মকান্ডের পরিকল্পনা প্রণয়ন একটি জরুরী বিষয় । কেননা প্রত্যকটি ব্যবসা একটি সুর্নিদিষ্ট পরিকল্পনাকে কেন্দ্র করে আবর্তিত হয়। ব্যবসা কখন শুরু হবে, দিক নির্দেশনা কেমন হবে, দৈনন্দিন কার্যপ্রণালী কেমন হবে, লক্ষ্য অর্জনের সামগ্রিক কর্মকান্ড কেমন হবে প্রভৃতি বিষয় পরিকল্পনাভুক্ত থাকতে হবে। কোর্সের এ ক্লাসে ব্যবসা কর্মকান্ড পরিকল্পনা নিয়ে আলোচনা করা হবে।

১১তম দিন





## বিপণন কৌশল ও উৎপাদন ব্যবস্থাপনা।

যেকোন ব্যবসা শুরু অথবা মাকেটিং এর সিদ্ধান্ত নেয়ার আগে আপনি কাদের কাছে আপনার পণ্য বিক্রয় বা সেবা পৌছাতে চান, অ্যাডভারটাইজিং, প্রমোশন , ডিস্ট্রিবিউশন, কমিউনিকেশন, মূল্য নির্ধারন বা প্রাইসিং ইত্যাদি বিষয়ের আলোকে ব্যবসার বিপণন কৌশল কি হবে তা নির্বাচন করা।

উৎপাদন ব্যবস্থাপনার মাধ্যমে দ্রব্য ও সেবা উৎপাদিত হয়। উৎপাদন কর্মকাণ্ড সঠিকভাবে পরিচালনার উদ্দেশ্যে উৎপাদন ব্যবস্থাপনা উৎপাদন পরিকল্পনা প্রণয়ন, উৎপাদনের উপকরণ সংগ্রহ ও মজুদকরণ, কারখানা বিন্যাস, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, কর্মীদের মনোবল উন্নয়ন এবং সামগ্রিকভাবে উৎপাদন কর্মকাণ্ড নিয়ন্ত্রণ করে থাকে। উৎপাদন ব্যবস্থাপনার মাধ্যমে ক্রেতামুখী পণ্য ও সেবা উৎপাদন করা হয় যা প্রতিযোগিতা মোকাবেলা করে দীর্ঘমেয়াদে ব্যবসায় টিকে থাকতে সাহায্য করে।

কোর্সের এ ক্লাসে বিপণন কৌশল ও উৎপাদন ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করা হবে।

১২ তম দিন




## আর্থিক পরিকল্পনা ।

আর্থিক পরিকল্পনা হ'ল একটি চিন্তা-ভাবনা পথ যা বর্তমান এবং ভবিষ্যতের আর্থিক নগদ প্রবাহ এবং সর্বোত্তম নিশ্চিতকরণের বাধ্যবাধকতার মতো বিভিন্ন বিষয় বিবেচনা করে। সুস্পষ্ট উদ্দেশ্য এবং অভিজ্ঞের সহায়তায় একটি ভাল আর্থিক পরিকল্পনা বা আর্থিক পরিকল্পনাকারী আপনার নির্ধারিত লক্ষ্য বা লক্ষ্য পূরণে আপনাকে সহায়তা করতে পারে। একটি আর্থিক পরিকল্পনা আপনাকে কেবল আপনার ভবিষ্যতের মানচিত্র তৈরি করতে সহায়তা করে না বরং এটি লক্ষ্য অর্জনে সহায়তা করে।
কোর্সের এ ক্লাসে আর্থিক পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে।




১৩ তম দিন

## প্রকল্প বাস্তবায়নের বিবেচ্য বিষয়

একটি প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে - প্রকল্প বাস্তবায়ন এলাকার পরিবেশ ও অবস্থা সম্পর্কে জানা, সেবা গ্রহীতাদের চাহিদা সম্পর্কে জানা, কাঁচামাল প্রাপ্তির বিষয়ে তথ্য, ভালো -মন্দ ও লাভ ক্ষতির সম্ভাব্যতা, কারিগরী ও বাজার জরিপ বিভিন্ন দিক বিবেচনায় রাখতে হয় ।
কোর্সের এ ক্লাসে প্রকল্প (ব্যবসা) বাস্তবায়নের বিবেচ্য বিষয় নিয়ে আলোচনা করা হবে।

১৪ তম দিন




## হিসাবরক্ষণ পদ্ধতি ও উদ্দেশ্য

ব্যবসার লেনদেন ও হিসাব সুনির্দিষ্ট হওয়া, সময় নির্দিষ্ট হওয়া, হিসাব-নিকাশ, সম্পদ-দায় ও মূলধন পরিমানের হিসাব এবং পাওনাদারদের নিকট লেনদেনের হিসাব সব সুনির্দিষ্ট হওয়া জরুরী। সুতরাং এ সব উদ্দেশ্যকে সামনে রেখে হিসাব রক্ষণ পদ্ধতি সুনির্দিষ্ট হওয়া ও তা অনুসরণ করা জরুরী ।

হিসাব রক্ষণ পদ্ধতি বলতে সাধারণত বোঝায় সুনির্দিষ্ট ও নিয়ম নীতি অনুযায়ী ব্যবসার আর্থিক লেনদেন হিসাবের খাতায় লিপিবদ্ধ করা এবং সুষ্ঠুভাবে হিসাব রক্ষাকেই হিসাব রক্ষণ বলে।

কোর্সের এ ক্লাসে হিসাবরক্ষণ পদ্ধতি ও উদ্দেশ্য নিয়ে আলোচনা করা হয় ।




১৫ তম দিন

## ব্যবসার খরচের প্রকৃতি ও বিল ভাউচার তৈরী

কোর্সের এ ক্লাসে ব্যবসার বিভিন্ন প্রকৃতির খরচ ও বিল ভাউচার সম্পর্কে বিস্তারিত উদাহরণসহ আলোচনা করা হবে।

১৬ তম দিন

## আর্থিক হিসাবের বিবরণী, ব্যালেন্স সীট, লাভ ক্ষতির হিসাব

কোর্সের এ ক্লাসে আর্থিক হিসাব সংক্রান্ত বিভিন্ন আলোচনা, ব্যালেন্স সীট ও লাভ ক্ষতির বিষয় নিয়ে আলোচনা করা হবে।



১৭ তম দিন

## বাজেট প্রণয়ন ও বাজেট নিয়ন্ত্রণ

বাজেট হলো একটি নির্দিষ্ট সময়ের জন্য অর্থের পরিমাপে তৈরী এবং অনুমোদিত একটি পরিকল্পনা যা সাধারণত ঐ নির্দিষ্ট সময়ে সৃষ্ট আয় ও তার ব্যবহার উপস্থাপন করে। অর্থাৎ বাজেট হলো কাজের আর্থিক পরিকল্পনা ও নিয়ন্ত্রণের একটি দলিল। আর বাজেট নিয়ন্ত্রণ বলতে নির্দিষ্ট সময়ের ঐ আর্থিক পরিকল্পনা আয়ের মধ্যেই সীমাবদ্ধ রেখে প্রত্যাশিত লক্ষ্যে পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা ।

কোর্সের এ ক্লাসে বাজেট প্রণয়ন ও বাজেট নিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হবে এবং দলীয়ভাবে একটি ক্যাশ বাজেট তৈরী করা হবে।

১৮ তম দিন





## পণ্যের মান নিয়ন্ত্রণ

ব্যবসায়ের ক্ষেত্রে পণ্য বা সেবার মান নিয়ন্ত্রণ অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। পণ্যের মান নিয়ন্ত্রণ বলতে পণ্যের সেবা, গুণগত দিক, আকর্ষণীয়তা ও ক্রেতার চাহিদা প্রভৃতি বিষয় নিয়ন্ত্রণের মধ্যে রাখা ।

কোর্সের এ ক্লাসে পণ্যের মান নিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয় আলোচনা করা হবে।

১৯ তম দিন




## পণ্যের বাজারজাতকরণ

পণ্যের বাজারজাতকরণ একটি গুরত্বপূর্ণ বিষয়। বাজারজাতকরণ বলতে বোঝায় উৎপাদিত পণ্য ভোক্তার দোরগোড়ায় পৌছে দেবার জন্য এক রকমের যোগাযোগ প্রক্রিয়া যার মাধ্যমে ক্রেতার ক্রয়-বিক্রয়ের অবাধ বিচরণের জায়গা পর্যন্ত পণ্যের সরবরাহ নিশ্চিত করা। উৎপাদিত পণ্য সঠিকভাবে বাজারজাতকরণ করা না হলে ব্যবসায় কখনো সফলতা লাভ করতে পারে না।

কোর্সের এ ক্লাসে পণ্যের বাজারজাতকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে।

২০ তম দিন




## ব্যবসার নথিবদ্ধকরণ

ব্যবসার নথিবদ্ধকরণ হলো হিসাব ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করে সম্পদের সুরক্ষা করা। ব্যবসায়ের নথিবদ্ধকরণের মাধ্যমে ভুল-ত্রুটি যেমন এড়ানো যায় তেমনি জাল কিংবা চুরি উদঘাটন করা যায়। বস্তুত ব্যবসায় নথিবদ্ধকরণ হলো সঠিক হিসাব ব্যবস্থাপনা।



২১ তম দিন

## কর্মচারীদের ব্যক্তিগত নথি প্রস্তুত ও সংরক্ষণ, ছুটির দরখাস্ত

প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নথি ও প্রস্তুত ও সংরক্ষণ করা অত্যন্ত জরুরী একটি বিষয়। কিভাবে প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নথি প্রস্তুত ও সংরক্ষণ করতে হয় তা নিয়ে এ ক্লাসে বিস্তারিত আলোচনা করা হবে। প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীরা নানা রকম ছুটির সুবিধা পাওয়ার অধিকার রাখে। বিভিন্ন রকমের ছুটি সংক্রান্ত বিস্তারিত আলোচনা এবং ছুটির দরখাস্ত কী রকম হবে সে সংক্রান্ত আলোচনাও করা হবে।


২২তম দিন



## মজুদ মালের ব্যবস্থাপনা

ব্যবসায়ের ক্ষেত্রে মজুদমালের ব্যবস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। মজুদ মালের স্টক রেজিস্টার ফলো করা, বাজারে পণ্যের চাহিদা অনুযায়ী মজুদ মাল বজায় রাখা, নির্দিষ্ট ব্যবস্থাপক কর্তৃক মজুদমালের মান নিশ্চিত করা, সংরক্ষণের পরিবেশ স্থায়ী ও নিরাপরাধ রাখা, মজুদমালের তথ্য ও উপাত্ত সম্পর্কে আপডেট থাকা প্রভৃতি বিষয় অত্যন্ত গুরুত্বপূর্ণ ।

কোর্সের এ ক্লাসে মজুদ মালের ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা করা হয় ।




২৩তম দিন

## প্রাতিষ্ঠানিক পরিবেশ ও সাংগাঠনিক কাঠামো

যে প্রাকৃতিক ও অপ্রাকৃতিক পরিবেশের অধীনে একটা এলাকা বা অঞ্চলের ব্যবসা প্রতিষ্ঠানসমূহ গঠিত ও পরিচালিত হয় তাকে সেখানকার প্রাতিষ্ঠানিক পরিবেশ বলে। আবার সাংগাঠনিক কাঠামো হলো প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন বিভাগ, উপবিভাগ ও কর্মীবৃন্দের পারস্পরিক একটা কাঠামো।

কোর্সেও এ ক্লাসে প্রাতিষ্ঠানিক পরিবেশ ও সাংগঠনিক কাঠামো নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে ।

২৪ তম দিন

## কর্তৃত্ব হস্তান্তর

কর্তৃত্ব বলতে  সাধারণত কোন  ব্যক্তি বা প্রতিষ্ঠান তার উপর অর্পিত দায়িত্ব বলে যে ক্ষমতা অর্জন করে। আর কর্তৃত্ব হস্তান্তর বলতে সেই প্রক্রিয়াকে বোঝায় যেখানে কর্মকর্তা বা কর্মচারীদের যোগ্যতা ও দক্ষতা অনুসারে সুবিন্যাস্ত করা হয়  । কোর্সের এ ক্লাসে কর্তৃত্ব ও কর্তৃত্ব  হস্তান্তর সংক্রান্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২৫ তম দিন




## পণ্যের ট্রেড মার্ক

পণ্যের ট্রেড মার্ক হলো এমন একটি প্রতীকি চিহ্ন যা দ্বারা  ঐ পণ্য বা সেবা  উৎপাদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানটিকে সহজে চেনা যায় । কোর্সের এ ক্লাসে পণ্যের ট্রেড মার্ক সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হবে।




২৬ তম দিন

## উৎপাদিত পণ্যের বিএসটি আই এর আনুষ্ঠানিকতা (অনুমোদন)

Bangladesh Standard and Testing Institute (BSTI) এর দ্বারা উৎপাদিত পণ্য অনুমোদিত হতে হয়। BSTI এর অনুমোদন পণ্যটির সামগ্রিক মানের নিশ্চয়তা ও জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে সে মানের নিশ্চয়তা প্রদান করে। BSTI এর অনুমোদনের জন্য কিছু আনুষ্ঠানিকতার প্রয়োজন হয়। CS Licencse এর জন্য নির্ধারিত ফরমে আবেদন, পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত, নমূনা সংগ্রহ স্বাক্ষর , অনুমোদিত গবেষণাগারে পরীক্ষা প্রভূতি ধরনের কার্যাবলি সম্পাদন করা হয় ।
কোর্সের এ ক্লাসে উৎপাদিত পণ্যের বি.এস.টি আই এর অনুমোদনের জন্য আনুষ্ঠানিকতা সংক্রান্ত আলোচনা করা হবে।

২৭ তম দিন




## জনসংযোগ, বিজ্ঞাপন ও প্রচার

কোন ব্যক্তি সংস্থা বা প্রতিষ্ঠান বা গোষ্ঠী কোন ঘটনা অথবা কোন পণ্য প্রসঙ্গে জনগণের মনোযোগ আকর্ষণের জন্য যখন সংবাদ বা অন্য কোন মাধ্যম ব্যবহার করে তখন সেই তথ্য বিবরণ কার্যক্রমকে আমরা বিজ্ঞাপন বলি। একটি পণ্যের প্রচারের ক্ষেত্রে বিজ্ঞাপন একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। আবার ব্যবসার প্রসারের ক্ষেত্রে বিজ্ঞাপন ও প্রচার উভয়ের ভূমিকাই গুরুত্বপূর্ণ। কোর্সের এ ক্লাসে বিজ্ঞাপন ও প্রচার নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে।




২৮ তম দিন

## লিফলেট, পোস্টার এবং সাইনবোর্ড

লিফলেট জনসংযোগ পরিচালনার একটি সহজ মাধ্যম যা সাধারণত হাতে বিলির জন্য ছোট  কাগজের তৈরী হয়। পক্ষান্তরে পোস্টার দেয়ালে বা অন্য কোথায় লাগানোর উদ্দেশ্যে তুলনামূলকভাবে লিফলেটের চেয়ে বড় কাগজের তৈরী প্রচারপত্র। কোর্সের এ ক্লাসে লিফলেট, পোস্টার , সাইনবোর্ড ও অন্যান্য প্রচার মাধ্যম বিষয়ক আলোচনা করা হয়।

২৯ তম দিন



## নেটওয়ার্কিং লিঙ্কেজ / পার্টনারশীপ

কি ভাবে ব্যবসায় নেটওয়ার্কিং লিঙ্কেজ/পার্টনারশীপ করতে হবে কোসের্র এ ক্লাসে আলোচনা করা হবে।



৩০ তম দিন

## সুরক্ষা, নিরাপত্তা ও নৈতিক বিষয়

ব্যবসার সুরক্ষা, নিরাপত্তা এবং একজন ব্যবসায়ির নৈতিকতার বিষয় সমূহে নিয়ে এ ক্লাসে আলোচনা করা হবে।




৩১ তম দিন

## ক্ষুদ্র ব্যবসা


সাধারণত স্বল্প পুঁজি ও কম জনবল নিয়ে যে ব্যবসা তাকে ক্ষুদ্র ব্যবসা বলে থাকে। একমালিকানা, কম পুঁজি ও কম ঝুঁকি, কম খরচ ও হিসাব নিকাশের সুবিধার কারনে ক্ষুদ্র ব্যবসায়ের এক ধরণের জনপ্রিয়তা আছে।
কোর্সের এ ক্লাসে ক্ষুদ্র ব্যবসায় প্রতিষ্ঠা, বিবেচ্য বিষয়, ঝুঁকি মোকাবেলার উপায় ইত্যাদি নিয়ে আলোচনা করা হবে।

৩২ তম দিন




## ই-কর্মাস, ফেইজবুজ বিজনেস পেইজ/একাউন্ট

ইন্টারনেটের মাধ্যমে ব্যবসায়িক লেনদেন ও সুবিধা ব্যবহার করাকে ই-কর্মাস বলে। এটি ইন্টারনেট কর্মাসকে সংক্ষেপে ই-কর্মাস বলা হয়। অনলাইনে পণ্য বেচাকেনা এর সহজ মাধ্যম। বস্তুত, যে কোন ব্যবসায় ইলেক্ট্রনিক্সের মাধ্যমে পরিচালনা করাই হল ই-কর্মাস। সমাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে কিভাবে অনলাইনে ব্যবসা করা যায়, একটি ই-কর্মাসের সুবিধা ও অসুবিধা, ই-কর্মাসের আওতা, প্রকারভেদ, ই-কর্মাস ব্যবসার জন্য প্রয়োজনীয় উপকরণ, সফল ই-কর্মাসের শর্ত, ফেইজবুক বিজনেস পেইজ খোলা, ই-কর্মাসের প্রতিবন্ধকতা এবং সমস্যা সমূহ নিয়ে আলোচনা করা হবে।





## ৩৩ তম দিন

### ওয়েবসাইট বিষয়ক

একটি ওয়েবসাইট তৈরীতে কি কি বিষয় অর্ন্তভূক্ত করতে হয়, ওয়েবসাইটের ডিজাইন/কন্টেন কি কি থাকতে হবে এই বিষয়ে এ ক্লাসে আলোচনা করা হবে।

## ৩৪ তম দিন




### পেমেন্ট/গেটওয়ে পদ্ধতি, লজেষ্টিক/সাপ্লাই এবং ই-মার্কেটিং

গ্রাহকদের নিকট হতে অর্থ সংগ্রহ এবং সাপ্লাইদের অর্থ পরিশোধের জন্য পেমেন্ট/গেটওয়ে পদ্ধতি কি, ভোক্তার নিকট কি মাধ্যমে পণ্য সরবরাহ করা হবে এবং ই-মার্কেটিং বিষয়ে এ ক্লাসে আলোচনা করা হবে।

# ৩৫ তম দিন




## সরেজমিনে পরিদর্শন

কোর্সের এ ক্লাসে নারী উদ্যোক্তা ও পুরুষ উদ্যোক্তার কোন প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা করা হবে। যেখান থেকে প্রশিক্ষণার্থীরা ব্যবহারিক জ্ঞান লাভ করবে।


# ৩৬-৩৮ তম দিন




## বাংলাদেশের শ্রম আইন বিষয়ক ক্লাস

যে কোন ব্যবসা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা ও পরিচালনা করার ক্ষেত্রে শ্রম আইন সম্পর্কে বিস্তারিত জানা দরকার । বাংলাদেশের বিদ্যমান শ্রম আইন ও সে আইনের প্রয়োজনীয় বিষয় সম্পর্কে পর্যায়ক্রমিক আলোচনা করা হবে।

৩৯তম দিন




## প্রজেক্ট/ এসাইমেন্ট প্রেজেন্টেশন

প্রত্যেক প্রশিক্ষণার্থীরা একটি ব্যবসার বিস্তারিত পরিকল্পনা উপস্থাপন করবে।



৪০তম দিন

## লিখিত পরিক্ষা